বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর-১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৮.০৮-১৫৪

তারিখ : ১০ আষাঢ় ১৪৩২ / ২৪ জুন ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, Representation of the People Order, 1972 এর আওতায় রাজনৈতিক দল হিসাবে নিবন্ধনের জন্য উক্ত আদেশের Article 90B এর শর্তানুযায়ী বাংলাদেশ জামায়াতে ইসলামী নামীয় দল কর্তৃক নিবন্ধনের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী নামীয় দলকে নির্বাচন কমিশন সচিবালয়ের ০৫ নভেম্বর ২০০৮/২১ কার্তিক ১৪১৫ তারিখের নিকস/প্র-৩/রাদ/৫(৪৪)/২০০৮/১১৪১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে নিবন্ধন প্রদান করা হইয়াছিল (নিবন্ধন নম্বর-০১৪, তারিখ: ০৪ নভেম্বর ২০০৮); এবং

যেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর-630 of 2009 এর প্রদত্ত রায়ের সূত্রে নির্বাচন কমিশন সচিবালয়ের ১৩ কার্তিক ১৪২৫/২৮ অক্টোবর ২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৮.০৮-৬৮৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ জামায়াতে ইসলামী এর নিবন্ধন বাতিল করা হয়; এবং

যেহেতু, Civil Appeal No. 139 of 2013 with Civil Petition For Leave To Appeal No. 3112 of 2013 এ মাননীয় আপীল বিভাগ কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর-630 of 2009 এর প্রদত্ত রায় বাতিলপূর্বক দলটির নিবন্ধন পুনর্বহালের আদেশ প্রদান করা হইয়াছে;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর মাননীয় আপীল বিভাগের Civil Appeal No. 139 of 2013 with Civil Petition For Leave To Appeal No. 3112 of 2013 এর প্রদত্ত রায়ের প্রেক্ষিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী নামীয় দলের নিবন্ধন বাতিলের বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত ২৮ অক্টোবর ২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৮.০৮-৬৮৯ নম্বর প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিলক্রমে বাংলাদেশ জামায়াতে ইসলামী'র নিবন্ধন দলীয় প্রতীকসহ পুনর্বহাল করা হইল।

জারীকৃত
৩৬০৫

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

(আখতার আহমেদ)
সিনিয়র সচিব

প্রাপক: উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ এবং প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তির ১০০(একশত) কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অঃ পৃঃ দ্রঃ ১/২

E:\ak nikosh\political party\নিবন্ধিত রাজনৈতিক দল\বাংলাদেশ জামায়াত ইসলামী\পূর্বাবস্থায় ফেরতের প্রজ্ঞাপন.docx

র ঠিকানাঃ
ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

স্মারক নম্বর-১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৮.০৮-১৫৪

তারিখ : ১০ আষাঢ় ১৪৩২ / ২৪ জুন ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য:-

১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২. প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।

৩-৬. নির্বাচন কমিশনার মহোদয় জনাব ................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।

৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪|০৬|২০২৫

(মোঃ আব্দুল হালিম খান)
যুগ্মসচিব (নিঃব্যঃ-১)

E:\ak nikosh\political party\নিবন্ধিত রাজনৈতিক দল\বাংলাদেশ জামায়াত ইসলামী\পূর্বাবস্থায় ফেরতের প্রজ্ঞাপন.docx